গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

**এডিপি অগ্রাধিকার**
**অতি জরুরী**
**বিশেষ বাহক মারফত**

নং-২০.০৬.০০০০.৬১২.০০.২১০.২৩-১৩

২২ ফাল্গুন, ১৪২৮
তারিখঃ--------------------
০৯ মার্চ, ২০২৩

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নীতিমালা**

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের ধারাবাহিকতা বজায় রেখে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য হ্রাস সর্বোপরি জনগণের জীবনমানের অধিকতর উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-৪১), ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই'২০-জুন'২৫) প্রণয়ন করা হয়েছে। সে সাথে জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলা করে কাঙ্খিত উন্নয়ন অর্জনের জন্য "বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০" প্রণয়ন করা হয়েছে। এ সকল দীর্ঘ ও মধ্যমেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করার অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। এ লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের কাজ শুরু করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের এডিপি প্রণয়নকালে সেক্টরওয়ারী বরাদ্দ বিভাজন, অনুমোদিত প্রকল্প, বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প, নিজস্ব অর্থায়নপুষ্ট প্রকল্প, এডিপিতে অন্তর্ভুক্তিকরণসহ প্রকল্পের বরাদ্দ প্রস্তাব প্রেরণ ও অনুমোদনের ক্ষেত্রে এ নীতিমালায় বর্ণিত প্রক্রিয়া/নির্দেশাবলি অনুসরণ করতে হবে।

২. **বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার ও অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর/প্রকল্পভিত্তিক বরাদ্দ নির্ধারণ এবং অনুমোদন প্রক্রিয়া:**

২.১ সকল সংস্থা নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে চলমান ও নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের প্রকল্পওয়ারী বরাদ্দের প্রাথমিক চাহিদা ADP/RADP Management System (AMS) -এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করতঃ প্রকল্পওয়ারী প্রাথমিক বরাদ্দ চাহিদা AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে প্রাথমিক বরাদ্দ চাহিদা যথারীতি AMS-এর মাধ্যমে সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে।

২.২ কার্যক্রম বিভাগ সেক্টর বিভাগ/মন্ত্রণালয় বিভাগ হতে প্রাপ্ত এডিপি বরাদ্দের প্রাথমিক চাহিদা সমন্বিত করে অর্থ বিভাগকে অবহিত করবে। অর্থ বিভাগের বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি (BMRC) স্থিতিশীল সামষ্টিক অর্থনৈতিক অবস্থার ধারাবাহিকতা বজায় রেখে উচ্চতর হারে প্রবৃদ্ধি অর্জন, মুদ্রাস্ফীতি, সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগ চাহিদা, সম্পদের প্রাপ্যতা, স্থানীয় সম্পদ সংগ্রহ এবং বৈদেশিক উৎসের প্রাপ্তি ও ব্যবহারের সক্ষমতা এবং সর্বোপরি অগ্রাধিকার খাতসমূহের চাহিদা, ইত্যাদি বিবেচনায় নিয়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট আকার (স্থানীয় মুদ্রা ও বৈদেশিক উৎস) নির্ধারণ করে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে। এছাড়া, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সেক্টর/সাব-সেক্টর ভিত্তিক, মন্ত্রণালয় ও প্রকল্পওয়ারী বৈদেশিক উৎস, জাপান ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ), জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরুপ তহবিল (ডিআরজিএসিএফ) এর বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে।

২.৩ অর্থ বিভাগ হতে প্রাপ্ত এডিপি'র মোট আকার ও মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সিলিং, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রাপ্ত প্রকল্পওয়ারী বৈদেশিক উৎসের পরিমান, অর্থনৈতিক সেক্টর ভিত্তিক অগ্রাধিকার, চলমান/নতুন প্রকল্পসমূহের প্রাথমিক চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের জন্য প্রয়োজনীয় বরাদ্দ ইত্যাদি বিবেচনা করে কার্যক্রম বিভাগ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরওয়ারী এবং উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে বরাদ্দ বিভাজন করে তা পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে।

২.৪ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরসমূহের আওতায় মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা নিরীক্ষা

করে ও প্রয়োজনে পরিবর্তন/সংশোধনপূর্বক প্রকল্পওয়ারী বরাদ্দ পুন:নির্ধারণপূর্বক চূড়ান্ত বরাদ্দের এক কপি যুগপৎভাবে কার্যক্রম বিভাগে এবং আরও একটি কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্ধারিত তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করবে। অতঃপর, পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগের সাথে আলোচনার মাধ্যমে সম্মত প্রকল্পওয়ারী পুন:নির্ধারিত চূড়ান্ত বরাদ্দ মন্ত্রণালয়/বিভাগ AMS-এ অন্তর্ভুক্তি/হালনাগাদপূর্বক সরাসরি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারবে।

২.৫ পরবর্তীতে কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পওয়ারী পুন:নির্ধারিত বরাদ্দ এবং উন্নয়ন সহায়তা বাবদ প্রস্তাবিত বরাদ্দ ও অন্যান্য তথ্যাদি সংকলন করে খসড়া এডিপি প্রণয়ন করা হবে। উক্ত খসড়া এডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় পেশ করে সুপারিশ গ্রহণপূর্বক জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

## ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নে সাধারণ নির্দেশাবলি:

৩.১ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প এবং ADP/RADP Management System (AMS)-এ অন্তর্ভুক্ত রয়েছে এমন প্রকল্প বরাদ্দসহ এডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে। নতুন অনুমোদিত প্রকল্প অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারিসহ AMS সফটওয়্যারে অন্তর্ভুক্তি ব্যতীত এডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না। অর্থাৎ নতুন অনুমোদিত প্রকল্পের অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ সংযুক্তিসহ বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.২ গত ০১/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত এনইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে 'সমাপ্তির জন্য নির্ধারিত' তালিকাভুক্ত কোন প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৩.৩ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও কাঙ্খিত সুফল প্রাপ্তি বিবেচনায় এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৩.৪ দারিদ্র্য বিমোচনের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে এডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.৫ এডিপিতে অর্থ বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় রেখে খাদ্য নিরাপত্তার লক্ষ্যে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ খাত, শ্রম-শক্তির দক্ষতা বৃদ্ধি, দারিদ্র্য হ্রাসকরণ এবং প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, অতিবৃষ্টি ইত্যাদির ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে বরাদ্দ প্রদানে অগ্রাধিকার দিতে হবে;

৩.৬ এডিপিতে অর্থ বরাদ্দ প্রদানে সরকারি - বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক প্রকল্প (Link Project) গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে;

৩.৭ বৈদেশিক সহায়তাপুষ্ট (চুক্তি স্বাক্ষরিত/ সহায়তা প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পে চলতি অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক সহায়তা ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

৩.৮ ধীর গতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস করে দ্রুত গতির বাস্তবায়নাধীন প্রকল্পে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করতে হবে;

৩.৯ বৈদেশিক অর্থায়ন রয়েছে এমন নতুন অনুমোদিত প্রকল্পে বরাদ্দের জন্য অগ্রাধিকার প্রদান করতে হবে;

৩.১০ Fast track এবং ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

৩.১১ অনুমোদিত ডিপিপিতে প্রাইস কন্টিনজেন্সি (price contingency) ও ফিজিক্যাল কন্টিনজেন্সি (physical contingency) খাতে সংস্থানকৃত অর্থ ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ডিপিপি'র সংস্থান পরিবর্তন ব্যতিত এ খাতের অর্থ কোন প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না;

৩.১২ জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (ডিআরজিএসিএফ) স্থানীয় উৎস হিসেবে বিবেচিত হবে;

৩.১৩ এডিপিতে অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের (প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়) আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে পূর্ববর্তী বছরগুলোর বরাদ্দ ও অগ্রগতি বিবেচনায় নিয়ে AMS-এর নির্ধারিত ছকে বাস্তবভিত্তিক বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.১৪ স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে গৃহীত অনুমোদিত প্রকল্পসমূহ বরাদ্দসহ এডিপিতে পৃথক তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। এ সকল প্রকল্পের অনুকূলে বাস্তবভিত্তিক বরাদ্দ প্রস্তাব প্রেরণ করতে হবে;

৩.১৫ চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণের পরই কেবল অপরিহার্য নতুন অনুমোদিত প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে। এছাড়া, ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর অর্থায়নের জন্য "থোক বরাদ্দ" এ নতুন প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের নূন্যতম ৫% অর্থের সংস্থান রাখতে হবে;

৩.১৬ যে সকল প্রকল্পে জিওবি বা বৈদেশিক অর্থায়নের পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার অর্থায়ন রয়েছে সে সকল প্রকল্পের ক্ষেত্রে স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ প্রতিফলন করতে হবে;

৩.১৭ এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে এডিপিতে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

৩.১৮ আগামী ৩০ জুন, ২০২৩ তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে এমন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং মেয়াদবৃদ্ধি ব্যতিরেকে ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না; এবং

৩.১৯ এডিপি প্রণয়ন নির্দেশিকায় প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (অর্থাৎ সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগে থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) এডিপি প্রণয়ন সংক্রান্ত প্রস্তাব প্রেরণের নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে AMS-এর মাধ্যমে তথ্যাদি প্রেরণের সুযোগ বন্ধ হয়ে যায় বিধায় নির্ধারিত সময়ের মধ্যে সকল তথ্য পরবর্তী পর্যায়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪. **বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে (এডিপি) বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তি:**

এডিপিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে, বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে এবং নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে যথাযথ যৌক্তিকতাসহ আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রেরণ করতে হবেঃ

৪.১ সার্বিকভাবে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অভিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন বিশেষ করে আয় বৈষম্য হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতিসহ দারিদ্র্য নিরসন, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃজন, মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, স্বাস্থ্য ও জনসংখ্যা), কৃষি, শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি, নগর উন্নয়ন, বিদ্যুৎ, জ্বালানী ও অবকাঠামো উন্নয়ন, আইসিটি উন্নয়ন, পানি ও পয়ঃনিষ্কাশন উন্নয়ন, লিঙ্গ সমতা, আয় বৈষম্য হ্রাস ও সামাজিক সুরক্ষা, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশগত টেকসই, লিঙ্গ সংবেদনশীল ও ঝুঁকি সচেতনতা বৃদ্ধি ইত্যাদি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে;

৪.২ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই ২০২১-জুন ২০২৫)'র উন্নয়ন ফলাফল কাঠামোতে (Development Results Framework) ও Green Climate Resilient Development (GCRD) অন্তর্ভূক্তিকরণ সংক্রান্ত ১৩-০২-২০২৩ তারিখে জারিকৃত পরিপত্রে চিহ্নিত ক্ষেত্রসমূহ এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

৪.৩ সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় রেখে একান্ত অপরিহার্য এবং উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত না হলে জিওবি অর্থায়নে অননুমোদিত নতুন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব সাধারণভাবে পরিহার করতে হবে;

৪.৪ যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৪.৫ বিনিয়োগ ও কারিগরি প্রকল্পের ন্যায় ব্যয় নির্বিশেষে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প অনুমোদনার্থে প্রক্রিয়াকরণ করতে হলে প্রকল্পটি এডিপিতে নতুন অননুমোদিত বরাদ্দবিহীন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত থাকতে হবে। ভবিষ্যতে গৃহীত হবে এমন

কোন বিনিয়োগ প্রকল্প বা প্রকল্পসমূহ গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই এর জন্য প্রস্তাবিত সমীক্ষা প্রকল্পকে এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

৪.৬ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার Allocation of Business-এর মধ্যে সীমাবদ্ধ থেকে নতুন প্রকল্পের প্রস্তাব করতে হবে। কোন নির্দিষ্ট এলাকায়/অঞ্চলে এক বা একাধিক সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে এবং এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;

৪.৭ একই সংস্থার অধীনে একই প্রকৃতির একাধিক ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প গ্রহণ না করে প্রশাসনিক বিভাগ বা অঞ্চল ভিত্তিক প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.৮ একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব (যদি থাকে) পৃথকভাবে প্রণয়ন না করে সেগুলোকে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৪.৯ বৈদেশিক চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত নুতন প্রকল্প এডিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

৪.১০ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠা সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনা পূর্বক প্রকল্প প্রস্তাব করতে হবে;

৪.১১ উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে। Green Climate Resiliance Development (GCRD) অন্তর্ভূক্তিকরণ সংক্রান্ত ১৩-০২-২০২৩ তারিখে জারিকৃত পরিপত্রে বর্ণিত থিমেটিক এরিয়া ও প্রোগ্রামের সাথে গৃহীত প্রকল্পের সম্পৃক্ততা উল্লেখ করতে হবে;

৪.১২ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক ও জাতীয় তহবিল হতে অর্থায়ন (Green Climate Fund, Adaptation Fund, BCCTF ইত্যাদি) প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। এডিপিতে এধরণের প্রকল্প প্রস্তাব করা হলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

৪.১৩ ব-দ্বীপ পরিকল্পনায় (Delta-Plan) এবং National Adaptation Plan (NAP) এ চিহ্নিত প্রকল্পকে সম্পদ প্রাপ্তি সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে;

৪.১৪ যে সকল প্রকল্প প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা-১৯৯৭ (সংশোধনীসহ) এবং প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪.১৫ দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে পরিবেশ ও প্রতিবেশের (Ecology) বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

৪.১৬ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সফটওয়্যার শিল্প ও তথ্য প্রযুক্তি সেবা বিকাশের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিমূলক প্রকল্প গ্রহণে বিশেষ গুরুত্ব দিতে হবে;

৪.১৭ ২০২২-২৩ অর্থবছরের এডিপি/আরএডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহ ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে না। জাতীয় অগ্রাধিকার ও সম্পদের সীমাবদ্ধতা বিবেচনাপূর্বক যৌক্তিকতাসহ ২০২৩-২৪ অর্থবছরের নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.১৮ কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর উক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়নি এরুপ প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৪.১৯ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে এমন প্রকল্পও প্রস্তাব করতে হবে;

৪.২০ যে সকল প্রকল্পের ডিপিপি/টিএপিপি/পিএফএস অনুমোদন প্রক্রিয়াকরণে অগ্রসর পর্যায়ে রয়েছে (অর্থাৎ পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, ইত্যাদি) এ সকল প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে প্রস্তাব করা যেতে পারে। **উল্লেখ্য ডিপিপি প্রণীত হয়নি এমন কোন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;**

৪.২১ যেসব প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়নি সেসব প্রকল্প পুনরায় অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৪.২২ তথ্যের গরমিল/অসামঞ্জস্যপূর্ণ ও অসম্পূর্ণ তথ্য সম্বলিত প্রকল্প প্রস্তাব AMS সফটওয়্যারে প্রেরণ করা হলে তা বিবেচনা করা হবে না;

৪.২৩ প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য ও কার্যক্রম সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভগের লক্ষ্যমাত্রা, জাতিসংঘ ঘোষিত এসডিজি'র অভিষ্ট ও লক্ষ্যমাত্রা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এলোকেশন অব বিজেনেস-এর সাথে সংযোগ স্থাপনপূর্বক প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা এবং মধ্যমেয়াদী বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপন ও চলমান প্রকল্পে দায় বিবেচনায় প্রকল্পটি কীভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে **মন্ত্রণালয়/বিভাগ** কর্তৃক AMS সফটওয়্যারের 'মন্তব্য' বক্সে লিপিবদ্ধ করতে হবে; এবং

৪.২৪ **পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ**, মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাব সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা এবং অন্যান্য নীতি কৌশলের আলোকে আর্থ-সমাজিক উন্নয়নে প্রস্তাবিত প্রকল্পটির প্রভাব বিশ্লেষণ এবং অর্থায়নের সম্ভাব্য পরিকল্পনাসহ প্রকল্পটি গ্রহণ বা বাতিলের স্বপক্ষে যৌক্তিকতা/মতামত সুস্পষ্টভাবে AMS সফটওয়্যারের 'মন্তব্য' বক্সে লিপিবদ্ধ করতে হবে।

## ৫. এডিপিতে প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান:

২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ৩ ও ২.৪ নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রেখে এবং নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ ও প্রতিপালন করে সকল উদ্যোগী/বাস্তবায়নকরী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পভিত্তিক (চলতি প্রকল্প ও নতুন অনুমোদিত প্রকল্প) বরাদ্দ প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রেরণ করবেঃ

৫.১ নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণে অগ্রিম পরিকল্পনা নেয়া এবং ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ AMS-এ চিহ্নিত করে তালিকায় সন্নিবেশিত করতে হবে। এছাড়া, সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের প্রয়োজনীয় অর্থের শতভাগ নিশ্চিত করতে হবে। অতঃপর বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পের পরিপূরক জিওবি বরাদ্দ নিশ্চিত করার পর অবশিষ্ট অর্থ অন্যান্য প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫.২ ২০২২-২৩ অর্থবছরের আরএডিপি চূড়ান্ত হওয়ার পর অনুমোদিত সকল প্রকল্পের (বিনিয়োগ/কারিগরি/সমীক্ষা/নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) মৌলিক তথ্যাদি যথারীতি AMS-এ অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে। অতঃপর এ সকল নতুন অনুমোদিত প্রকল্পের অনকূলে ২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৫.৩ AMS এ প্রতিটি প্রকল্পের মৌলিক তথ্যাদি যেমন প্রকল্পের শিরোনাম, প্রাক্কলিত ব্যয়, অর্থায়নের ধরণ ও পরিমান, অনুমোদন অবস্থা, মেয়াদ, লোকেশন, অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনসহ অন্যান্য তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষিত রয়েছে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের সংশোধন অনুমোদন বা মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বা মেয়াদ হালনাগাদের প্রয়োজন হলে, প্রাথমিকভাবে অনুমোদিত আরডিপিপি বা মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রশাসনিক আদেশ অনুসারে AMS-এ সংশোধিত তথ্যাদি অন্তর্ভুক্তিপূর্বক হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সর্বশেষ অনুমোদিত/সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না;

৫.৪ প্রতিটি প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত এডিপি বরাদ্দের পাশাপাশি পরবর্তী দুই অর্থ বছর অর্থাৎ ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের জন্য প্রক্ষেপণ প্রদান করতে হবে;

৫.৫ চলতি প্রকল্পসমূহের সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত (জুন ২০২৩ পর্যন্ত) অগ্রগতি/ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য যৌক্তিক ব্যয় বিবেচনায় ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দের প্রস্তাব করতে হবে;

৫.৬ সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) নির্ধারিত হার এবং আমদানী মূল্যের বৈদেশিক মুদ্রার বিনিময় হার (Exchange Rate) অনুসারে সিডিভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দ AMS-এর নির্ধারিত স্থানে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৫.৭ এডিপি বরাদ্দের জিওবি বা টাকা অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে AMS-এর নির্ধারিত স্থানে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৫.৮ বৈদেশিক অর্থায়ন, নগদ বৈদেশিক মুদ্রা এবং পুনর্ভরণযোগ্য বৈদেশিক অর্থায়নের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে; এবং

৫.৯ বৈদেশিক অর্থায়ন বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. **<u>সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প:</u>**

সকল সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে/স্ব-অর্থে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহের এডিপিতে বরাদ্দ প্রস্তাব সংক্রান্ত তথ্য AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

৭. **<u>২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প:</u>**

যেসব প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্ত করা সম্ভব হবে সেসব প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে সম্ভাব্য সমাপ্য প্রকল্পের তালিকায় AMS এ সঠিকভবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে এবং এ সকল প্রকল্পের অনুকূলে অনুমোদিত ডিপিপি/টিএপিপি অনুযায়ী শতভাগ বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং হার্ডকপি কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে।

৮. **<u>সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্প সংক্রান্ত তথ্য:</u>**

৮.১ সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২৩-২৪ অর্থবছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা এডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য <u>ছক 'ক'</u> অনুসারে প্রচলিত নিয়মে Private Public Partnership Authority (PPPA) কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপিসহ)।

৮.২ সরকারি বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে প্রকল্প গ্রহণ/বাস্তবায়নে গুরুত্ব প্রদান করতঃ যেসব প্রকল্পের ব্যয় সম্পূর্ণ বা আংশিকভাবে সেবা গ্রহণকারীর নিকট হতে ফেরত পাওয়া সম্ভব সে সকল প্রকল্প পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের প্রচেষ্টা নিতে হবে।

৯। **<u>২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের সময়সূচিঃ</u>**

| (ক) অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | বাস্তবায়নকারী সংস্থা নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা, নিজস্ব অর্থায়ন ও বৈদেশিক সহায়তাপুষ্ট) প্রস্তাব AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ২১/০৩/২০২৩ |
| ২ | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা, নিজস্ব অর্থায়ন ও বৈদেশিক সহায়তাপুষ্ট) প্রস্তাব উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে মতামতসহ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ২৭/০৩/২০২৩ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা, নিজস্ব অর্থায়ন বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প) প্রস্তাব এডিপি প্রণয়নের নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে আবশ্যিকভাবে মতামতসহ AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ৩০/০৩/২০২৩ |

| (খ) চলমান প্রকল্পের (বিনিয়োগ, কারিগরি, সমীক্ষা ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) অনুকূলে বরাদ্দ প্রস্তাবের সময়সূচি: | | |
|---|---|---|
| ১ | বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ২১/০৩/২০২৩ |
| ২ | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ২৭/০৩/২০২৩ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা এডিপি প্রণয়নের নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ৩০/০৩/২০২৩ |

১০। উপরিউক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-৮) প্রতিপালন করে এবং অনুচ্ছেদ-৯ (ক-খ) এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'র জন্য যাচিত সকল তথ্যাদি কার্যক্রম বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত AMS সংক্রান্ত পত্রের নির্দেশনা অনুসরণ করে আবশ্যিকভাবে AMS (ADP/RADP Management System) (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৯/০৩/২৩

(সত্যজিত কর্মকার)
সদস্য
কার্যক্রম বিভাগ

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

----------------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ।

-----------------------------------------------------

নং-২০.০৬.০০০০.৬১২.০০.২১০.২৩-১৩

২২ ফাল্গুন, ১৪২৮
তারিখঃ-------------------
০৯ মার্চ, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:

১। সদস্য, ........................................................................ পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। প্রধান, ........................................................................পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (সংশ্লিষ্ট), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২০.০৬.০০০০.৬১২.০০.২১০.২৩-১৩

২২ ফাল্গুন, ১৪২৮
তারিখঃ--------------------
০৯ মার্চ, ২০২৩

২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট যথাসময়ে প্রেরণের অনুরোধসহ স্মারকের অনুলিপি প্রেরণ করা হলঃ

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক ---------- ------------------------------------------------------------------------------------------------------।

০৯/০৩/২০২৩

(সাইনী আজিজ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৯৩৬

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সচিব/সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা **(২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নীতিমালারটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)**।

*২০২৩-২৪ **অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নীতিমালারটি** পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে **(www.plandiv.gov.bd)** পাওয়া যাবে।

০৯/০৩/২০২৩

(সাইনী আজিজ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৯৩৬

ছক-‘ক’

## ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP)-তে অন্তর্ভুক্ত প্রকল্প তালিকা

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকারী সংস্থা | সেক্টর | প্রাক্কলিত প্রকল্প ব্যয় | বাস্তবায়ন পর্যায় | অনুমোদন পর্যায় |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |